



দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/গণশুনানি/১৫(অংশ-৫)/১৪/৯৭৯০(১৬)


তারিখ: ২১/০৩/২০১৮ খ্রি.

বিষয় : আগামী ২৮ মার্চ, ২০১৮ তারিখ বুধবার চট্টগ্রাম বিদ্যুৎ বিভাগ, চট্টগ্রাম এর সেবা কার্যক্রমের উপর ফলোআপ গণশুনানির আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ মার্চ, ২০১৮ তারিখ বুধবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চট্টগ্রাম আত্মবাদস্থ, বিদ্যুৎ বিভাগের অডিটরিয়ামে বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় কমিশন কর্তৃক চট্টগ্রাম, বিদ্যুৎ বিভাগ এর সেবাকার্যক্রমের উপর ফলোআপ গণশুনানি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ড. নাসির উদ্দীন আহমেদ, মাননীয় কমিশনার (অনুসন্ধান), দুর্নীতি দমন কমিশন উপস্থিত থাকবেন।

০২। এমতাবস্থায়, আগামী ২৮ মার্চ, ২০১৮ তারিখ বুধবার সকাল ৯.০০ ঘটিকা গণশুনানি অনুষ্ঠানে চট্টগ্রাম আত্মবাদস্থ, বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি ও তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণকে তথ্য উপাত্তসহ আগামী ২৮ মার্চ, ২০১৮ তারিখ বুধবার চট্টগ্রাম আত্মবাদস্থ, বিদ্যুৎ বিভাগের অডিটরিয়ামে উপস্থিত হওয়ার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রধান প্রকৌশলী
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
বিদ্যুৎ ভবন
আত্মবাদ, চট্টগ্রাম।


(মোঃ মনিরুজ্জামান)
পরিচালক
(প্রতিরোধ ও গণসচেতনতা)
ফোন: ৯৩৬২৪৩৭

অনুলিপি কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২. সভাপতি, মহানগর দুর্নীতি প্রতিরোধ কমিটি, চট্টগ্রাম।
৩. উপ প্রকল্প সমন্বয়ক, এসআইআরএমপিআরঃ ভিআইডি (ভ্যাট অনলাইন প্রজেক্ট), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিশ্ব ব্যাংক অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. এরিয়া ম্যানেজার, টিআইবি, চট্টগ্রাম।
৫. সভাপতি, সচেতন নাগরিক কমিটি (সনাক), চট্টগ্রাম।

অনুলিপি জ্ঞাতার্থে:

১. মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
২. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৩. সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (গণমাধ্যমকে অবহিতকরণের অনুরোধসহ)।
৫. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, চট্টগ্রাম-১ (প্রচারণাসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
৬. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৭. কমিশনার অনুসন্ধান/তদন্ত - এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
৮. সচিব- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

E:\Taleb.UDC\PUBLIC Hearing\D.O public hearing.docx